

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭

www.lged.gov.bd

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২(অংশ-১).০৮-৬৪৩

তারিখ: ২৭/০১/২০২৪ ইং

বিষয়: এলজিইডি'র আওতাধীন বিভিন্ন ক্রয়কারীর দপ্তরে পণ্য ক্রয়ের ক্ষেত্রে দরপত্র মূল্যায়নের জন্য কারিগরি সাব-কমিটি (TSC) গঠনের নিমিত্তে নির্দেশনা প্রদান প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় বিভিন্ন ক্রয়কারীর দপ্তরে পণ্য ক্রয় সংক্রান্ত দরপত্র মূল্যায়ন কমিটিকে কারিগরি সহায়তা প্রদানের জন্য প্রায়শই কারিগরি সাব-কমিটি গঠনের প্রয়োজন হয়ে থাকে। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ এর বিধি ১১(১৫) অনুযায়ী দরপত্র মূল্যায়নে কারিগরি সহায়তা গ্রহণ আবশ্যিক মর্মে দরপত্র মূল্যায়ন কমিটি নিকট অনুভূত হলে, ক্রয়কারী দরপত্র মূল্যায়ন কমিটির সভাপতির অনুরোধের প্রেক্ষিতে ক্রয়কারী কার্যালয় প্রধানের অনুমোদন গ্রহণপূর্বক নিম্নোক্তভাবে কারিগরি সাব-কমিটি গঠন (প্রতিটি ক্ষেত্রে Case by Case) করবেন।

ক্রমিক নং	কারিগরি সাব-কমিটি	
১।	নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক) (যানবাহন ও নির্মাণ যন্ত্রপাতি ক্রয়ের ক্ষেত্রে)/ নির্বাহী প্রকৌশলী (মান নিয়ন্ত্রণ) (ল্যাবরেটরী যন্ত্রপাতি ক্রয়ের ক্ষেত্রে)/নির্বাহী প্রকৌশলী, আইসিটি (আইটি যন্ত্রপাতি ক্রয়ের ক্ষেত্রে), নির্বাহী প্রকৌশলী (প্রকিউরমেন্ট) (অন্যান্য পণ্য ক্রয়ের ক্ষেত্রে) এলজিইডি, সদর দপ্তর, ঢাকা	সভাপতি
২।	সিনিয়র সহকারী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) (যানবাহন ও নির্মাণ যন্ত্রপাতি ক্রয়ের ক্ষেত্রে)/সিনিয়র সহকারী প্রকৌশলী (মান নিয়ন্ত্রণ) (ল্যাবরেটরী যন্ত্রপাতি ক্রয়ের ক্ষেত্রে)/ সিনিয়র সহকারী প্রকৌশলী, আইসিটি (আইটি যন্ত্রপাতি ক্রয়ের ক্ষেত্রে), সিনিয়র সহকারী প্রকৌশলী (প্রকিউরমেন্ট) (অন্যান্য পণ্য ক্রয়ের ক্ষেত্রে) এলজিইডি, সদর দপ্তর, ঢাকা	সদস্য
৩।	সংশ্লিষ্ট ক্রয় বিষয়ে কারিগরি জ্ঞান সম্পন্ন বিশেষজ্ঞ ব্যক্তি	সদস্য

২। কারিগরি সাব-কমিটি পণ্য সংক্রান্ত দরপত্র মূল্যায়নে সংশ্লিষ্ট দরপত্র মূল্যায়ন কমিটিকে কারিগরি সহায়তা প্রদান করবে।

৩। কারিগরি সাব-কমিটি এর সদস্য সংখ্যা অনধিক ৩ (তিন) জন হবে।

৪। দরপত্র মূল্যায়ন কমিটির কোন সদস্যকে কারিগরি সাব-কমিটির সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করা যাবে না।


(জাবেদ করিম) ২৭/১
প্রধান প্রকৌশলী (রুটিন দায়িত্ব)
ফোন: ০২-৫৫০০৭২৪৮
ই-মেইল: ce@lged.gov.bd

প্রাপক,

প্রকল্প পরিচালক (সকল)

এলজিইডি, সদর দপ্তর, ঢাকা

অনুলিপি:

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা। [তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইসিটি)-কে অফিস আদেশটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।]

৩। নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক)/নির্বাহী প্রকৌশলী (মাননিয়ন্ত্রণ)/নির্বাহী প্রকৌশলী (প্রকিউরমেন্ট), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।

৪। সিনিয়র সহকারী প্রকৌশলী (যান্ত্রিক)/সিনিয়র সহকারী প্রকৌশলী (মাননিয়ন্ত্রণ)/সিনিয়র সহকারী প্রকৌশলী (প্রকিউরমেন্ট), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।

৫। সহকারী প্রকৌশলী (যান্ত্রিক), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।